

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোহাম্মদ খুরশীদ আলম পরিচালক (ফ্রেয় ও বিপণন) ও ইনোভেশন অফিসার।
সভার তারিখ	২৩/১২/২০২১ খ্রিঃ।
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা।
স্থান	পরিচালক (ফ্রেয় ও বিপণন) মহোদয়ের দপ্তর।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি গত সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ মাসে অনুষ্ঠিত কেন্দ্রীয় ইনোভেশন টিমের পর্যালোচনা সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোকপাত করেন। সভাপতির অনুমতিক্রমে কেন্দ্রীয় ইনোভেশন টিমের সদস্য-সচিবও অর্থ বিশ্লেষক (পরিকল্পনা বিভাগ) বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ২০২১-২২ এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

কেন্দ্রীয় ইনোভেশন টিমের সদস্য-সচিবও অর্থ বিশ্লেষক(পরিকল্পনা বিভাগ) সভাকে অবহিত করেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজেশন যথাক্রমে আগামী ১৬/০৩/২০২২, ২৫/০২/২০২২ এবং ৩০/১২/২০২১খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়নেরনির্দেশনা রয়েছে। সে লক্ষ্যে গত সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ মাসে অনুষ্ঠিত কেন্দ্রীয় ইনোভেশন টিমের পর্যালোচনা সভায় নতুন উদ্ভাবনী ধারণা হিসেবে ক্রিক নার্সারি এবং কাপ্তাই হুদে চিতল মাছের আধিক্য বৃদ্ধিতে নিজস্ব ব্যবস্থাপনায় পোনা উৎপাদন নামক উদ্ভাবনী ধারণা গৃহীত হয়। উক্ত উদ্ভাবনী ধারণা দুইটি বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং অগ্রগতি জানতে চেয়ে ব্যবস্থাপক, বামউক, রাঙামাটি বরাবর স্মারক নং ৩৩.০৩.০০০০.১০৩.০৬.০৮৫.১৯.১১৯; তারিখঃ ২৯/০৯/২০২১খ্রিঃ এবং স্মারক নং ৩৩.০৩.০০০০.১০৩.০৬.০৮৫.১৯.১৫৮; তারিখঃ ০৯/১২/২০২১খ্রিঃএর মাধ্যমে পত্র প্রেরণ করা হলেও অদ্যাবদি কোন উত্তর পাওয়া যায়নি। একইভাবেই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর নির্দেশনা অনুযায়ী ন্যূনতম সেবা সহজিকরণের নিমিত্ত গত সভায় গৃহীত “মৎস্য প্রক্রিয়াকরণের পার্টি/প্রতিষ্ঠান (নন-প্যাকার) নিবন্ধিকরণ” সংক্রান্ত সেবাটি সহজীকরণের কর্মপরিকল্পনা এবং অগ্রগতি জানতে চেয়ে মহাব্যবস্থাপক, বামউক, চট্টগ্রাম বরাবর স্মারক নং ৩৩.০৩.০০০০.১০৩.০৬.০৮৫.১৯.১২০; তারিখঃ ২৯/০৯/২০২১খ্রিঃ এবং স্মারক নং ৩৩.০৩.০০০০.১০৩.০৬.০৮৫.১৯.১৫৭; তারিখঃ ০৯/১২/২০২১খ্রিঃএর মাধ্যমে পত্র প্রেরণ করা হলেও অদ্যাবদি কোন উত্তর পাওয়া যায়নি। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে অসন্তোষ প্রকাশ করেন।

কর্পোরেশনের ব্যবস্থাপক (পরিকল্পনা) বলেন, চট্টগ্রাম মৎস্য বন্দরের হিসাব বিভাগের কাজের পরিধি ও ব্যাপ্তি অন্যান্য কেন্দ্রের তুলনায় ব্যাপক ও ব্যতিক্রম। এ বিভাগের বেশির ভাগ কাজ সম্পাদিত হয় বহিঃস্থ বিভিন্ন

পার্টি/স্টেকহোল্ডারদের সাথে। হিসাব বিভাগের কাজের ভলিউমের তুলনায় দক্ষ জনবলের সংস্থান অত্যন্ত কম এবং হিসাব সংরক্ষণের ক্ষেত্রে প্রাচীন পদ্ধতি ব্যবহৃত হচ্ছে। ফলে সেবা গ্রহীতা তথা বহিঃস্থ বিভিন্ন পার্টি/স্টেকহোল্ডারদের চাহিদা মোতাবেক যথাসময়ে সেবা প্রদানে এবং অভ্যন্তরীণ বিভিন্ন প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণে বিলম্ব হয়। কর্পোরেশনের যুগ্ম পরিচালক বলেন, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (ব্লু-ইকোনমি) জনাব ড. মোঃ মশিউর রহমান গত ১৮/১২/২০২০খ্রিঃ তারিখে চট্টগ্রাম মৎস্য বন্দর পরিদর্শন করেন এবং পরিদর্শন প্রতিবেদনে হিসাব সংরক্ষণে ডিজিটাল পদ্ধতি অবলম্বনের বিষয়ে সুশারিশ করেন। এ্যাকাউন্টিং সফটওয়্যার ডেভেলপমেন্ট করা হলে, এটি কাজের গতি ত্বরান্বিতকরণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সহায়ক ভূমিকা পালন করবে।

সদস্য-সচিবও অর্থ বিশ্লেষক (পরিচালনা বিভাগ) বলেন, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিতভাবে সভা, কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন করা হচ্ছে।

সভাপতি মহোদয় কর্পোরেশনের সকল বিভাগে ই-নথিরব্যবহার বৃদ্ধি এবং কর্পোরেশনের সকল কার্যক্রম ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা প্রদান করেন। তিনি ইনোভেশন টিমের সদস্যদেরকে নতুন উদ্যমে কাজ করার আহ্বান জানান এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ নিয়মিত অবলোকন করে যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

### সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ১। উদ্ভাবনী ধারণাসমূহ এবং সেবা সহজিকরণ এর অগ্রগতি জানতে চেয়ে সংশ্লিষ্ট কেন্দ্র প্রধানের নিকট তাগিদ পত্র প্রেরণ করতে হবে;
- ২। সেবা ডিজিটাইজেশনের অংশ হিসেবে চট্টগ্রাম মৎস্য বন্দরের এ্যাকাউন্টিং সিস্টেম ডিজিটাইজেশনের বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিস আদেশ জারি করতে হবে।

সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ খুরশীদ আলম  
পরিচালক (ক্রয় ও বিপণন) ও ইনোভেশন  
অফিসার।

স্মারক নম্বর: ৩৩.০৩.০০০০.১০৩.০৬.০৮৫.১৯.১৬৯

তারিখ: ১৪ পৌষ ১৪২৮

২৯ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক, চট্টগ্রাম মৎস্য বন্দর, বামউক, চট্টগ্রাম।
- ২) ব্যবস্থাপক, কাপ্তাই হ্রদ মৎস্য উন্নয়ন ও বিপণন কেন্দ্র, বামউক, রাজামাটি।
- ৩) যুগ্ম পরিচালক ও সদস্য, কেন্দ্রীয় ইনোভেশন টিম, বামউক, ঢাকা।







- ৪) ব্যবস্থাপক, বাস্তবায়ন বিভাগ ও সদস্য, কেন্দ্রীয় ইনোভেশন টিম, বামউক, ঢাকা।  
৫) হিসাব নিয়ন্ত্রক ও সদস্য, কেন্দ্রীয় ইনোভেশন টিম, বামউক, ঢাকা।  
৬) পিএস টু চেয়ারম্যান, বামউক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



মোঃ শামসুজ্জামান  
ব্যবস্থাপক (পরিকল্পনা)

কেন্দ্রীয় ইনোভেশন টিমের ডিসেম্বর, ২০২১খ্রিঃ মাসের পর্যালোচনা সভায় উপস্থিতির তালিকা

সভার স্থান : পরিচালক (ক্রয় ও বিপণন) মহোদয়-এর দপ্তর।  
তারিখ : ২৩/১২/২০২১খ্রিঃ  
সময় : সকাল ১১:০০ ঘটিকা।

ক্রঃ নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব মুহাম্মদ হারুন-অর রশিদ যুগ্ম পরিচালক, বামউক, ঢাকা।	 26.12.2021
২	জনাব মোঃ মাসুদুল আলম ব্যবস্থাপক, বাস্তবায়ন বিভাগ, বামউক, ঢাকা।	 26.12.2021
৩	জনাব মোঃ শামসুজ্জামান ব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ, বামউক, ঢাকা।	 26-12-21
৪	জনাব মোঃ রাজিবুল আলম হিসাব নিয়ন্ত্রক, বামউক, ঢাকা।	 26/12/2021
৫	জনাব রওশনুল হক অর্থ নিয়ন্ত্রক, বামউক, ঢাকা।	 23/12/2021
৬	জনাব মোঃ আইয়ুব আফনান অর্থ বিশ্লেষক, পরিকল্পনা বিভাগ, বামউক, ঢাকা।	 26/12/2021
৭	জনাব মাহমুদ হাসান সহকারী পরিঃ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, বামউক, ঢাকা।	